আমার বাড়ি আমার খামার প্রকল্প
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রবাসী কল্যাণ ভবন ( লেভেল-১৩)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০।

স্মারক নং -আবাআখা/প্রশা/জেলা সম: মনিটরিং/১৫১/২০১৯-৬৬০৪ তারিখ: ১৬ মার্চ, ২০২০ খ্রি:

**বিষয়: বৈশ্বিক মহামারি "করোনাভাইরাস" সংক্রমণ প্রতিরোধে কর্মকর্তা-কর্মচারীদের করণীয় প্রসঙ্গে ।**

বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ঘোষিত "বৈশ্বিক মহামারি" করোনাভাইরাস আতঙ্কে গোটা বিশ্ববাসী সামাজিক ও অর্থনৈতিকভাবে এক কঠিন সময় পার করছে। স্বাস্থ্যঝুঁকির সাথে অর্থনৈতিক বিপর্যয়ের চরম দুর্যোগের হাত থেকে উত্তোরণের জন্য করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে আমাদের জরুরি সমন্বিত উদ্যোগ গ্রহণ প্রয়োজন। করোনাভাইরাস নির্মুলে কোন প্রতিষেধক নেই বিধায় এ থেকে পরিত্রাণের একমাত্র উপায় হচ্ছে টেকসই প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা।

আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতাধীন প্রায় ৫১লক্ষ পরিবারের আড়াই কোটি দরিদ্র মানুষ আর্থ-সামাজিক উন্নয়ন কর্মকাণ্ডে প্রত্যক্ষভাবে জড়িত। এই উপকারভোগী জনগোষ্ঠীর বহু আত্মীয়-স্বজন করোনাভাইরাসে আক্রান্ত বিভিন্ন দেশে নানান পেশায় নিয়োজিত রয়েছেন।

এমতাবস্থায় মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ স্ব-স্ব প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করবেন এবং আতঙ্কগ্রস্থ উপকারভোগী সদস্যদের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রেখে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে করণীয় বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য নিম্নোক্তভাবে ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো।

- করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক প্রচারিত সকল বিধিনিষেধ মেনে চলা ;
- সাম্প্রতিক সময়ে বিদেশফেরত স্বজনদের কমপক্ষে ১৪ দিন আলাদাভাবে রাখার ব্যবস্থা সুনিশ্চিত করা, যাতে তারা অন্যদের সংস্পর্শে না আসে ;
- বিদেশফেরত বা পরিবারের কারোর জ্বর, হাঁচি-কাশি, গলাব্যাথা বা শ্বাসকষ্ট দেখা দিলে দ্রুত স্থানীয় হাসপাতালে যোগাযোগ করা বা আইইডিসিআর এর হট লাইন নম্বরে (নম্বর- ০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭-০০০০১১) যোগাযোগ করা এবং পরামর্শ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা ;
- বিদেশে কর্মরত স্বজনদের এই মুহূর্তে দেশে না আসার জন্য পরিবার থেকে পরামর্শ দেয়া, কারণ তিনি দেশে ফেরার পথে কোনভাবে ভাইরাস আক্রান্ত হলে পরিবার তথা দেশের মানুষ ঝুঁকিতে পড়বে এবং বৈশ্বিক অর্থনৈতিক বিপর্যয়ের কারণে পুনরায় ঐ চাকুরিতে ফিরে যাওয়ার ক্ষেত্রে সমস্যাও সৃষ্টি হতে পারে ;
- পরিবারের সদস্যরা বাহির থেকে ঘরে ফিরে সাবান দিয়ে ভালোভাবে হাতমুখ ধুয়ে পরিষ্কার করা এবং নিজেদের ও বাড়িঘর সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
- করোনাভাইরাস আতঙ্কে চিকিৎসার নামে সদস্যগণ যাতে স্থানীয়ভাবে প্রতারণার শিকার না হয় সে ব্যাপারে সচেতন থাকা। মনে রাখতে হবে, এখন পর্যন্ত এ রোগের কোন প্রতিষেধক আবিষ্কার হয়নি ;
- প্রিয়জনদের সাথে করমর্দন ও কোলাকুলি না করা, বিশেষ প্রয়োজন ছাড়া জনবহুল স্থানে না যাওয়া এবং গণ পরিবহনে যত্রতত্র ভ্রমণ না করা। জরুরি প্রয়োজনে জনবহুল পরিবেশে যেতে হলে মাস্ক ব্যবহার করা ;

আশা করছি, আতঙ্কিত না হয়ে সকলের সমন্বিত উদ্যোগে যথাযথ প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে করোনাভাইরাসের সংক্রমণ প্রতিহত করে আমাদের স্বাস্থ্য সুরক্ষা সুনিশ্চিত করতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

১৬.৩.২০২০
(আকবর হোসেন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
আমার বাড়ি আমার খামার প্রকল্প

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য -
০১. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা ;
০২. জেলা সমন্বয়কারী / দায়িত্বপ্রাপ্ত সিনিয়র অফিসার, সকল জেলা ;
০৩. উপজেলা সমন্বয়কারী / শাখা ব্যবস্থাপক, সকল উপজেলা।